# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
রাণীনগর, নওগাঁ।
www.lged.gov.bd

স্মারক নং- ৪৬.০২.৬৪৮৫.০০০.০২.০০১.২৬-৪১৭ তারিখ ঃ ১৩-০৭-২০২৬ ইং

## "চুক্তিভিত্তিক নিয়োগ বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে ২০২৬-২০২৭ অর্থ বছরে অনুন্নয়ন বাজেটের "গ্রামীণ সড়ক মেরামত ও সংরক্ষণ" অধীন নিয়মিত রক্ষণাবেক্ষণ (Off-Pavement) স্কীম বাস্তবায়নের নিমিত্তে রাণীনগর উপজেলায় নিম্নবর্ণিত রাস্তা সমূহের রক্ষণাবেক্ষণ কাজে সম্পূর্ণ অস্থায়ী ও চুক্তি ভিত্তিতে কিছু সংখ্যক নারী কর্মী নিয়োগ করা হবে। আগ্রহী প্রার্থীদেরকে নিম্নবর্ণিত যোগ্যতা অনুযায়ী নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

| ক্র: নং | কাজের নাম ও রাস্তার আইডি | যে এলাকার বাসিন্দরা আবেদন করতে পারবে | আবেদনপত্র জমা প্রদানের শেষ তারিখ, সময় ও স্থান | লটারির মাধ্যমে প্রার্থী নির্বাচনের তারিখ, সময় ও স্থান |
|---|---|---|---|---|
| ০১ | ত্রিমোহনী জিসি–বান্দাইখাড়া জিসি সড়ক, আইডি নং: ১৬৪৮৫২০০৮ | মিরাট ইউনিয়নের সংশ্লিষ্ট রাস্তা সংলগ্ন পার্শ্ববর্তী এলাকা | তারিখঃ ২০-০৭-২০২৬ ইং সময়ঃ বিকাল ৪.০০ ঘটিকা স্থানঃ উপজেলা প্রকৌশলীর দপ্তর, রাণীনগর, নওগাঁ। | তারিখঃ ২৩-০৭-২০২৬ ইং সময়ঃ দুপুর ১১.০০ ঘটিকা স্থানঃ উপজেলা পরিষদ হল রুম, রাণীনগর, নওগাঁ। |
| ০২ | লোহাচুড়া হাট-সিম্বা মোড়-ভোঁপাড়া ইউ,পি ভায়া বড়গাছা ইউ,পি সড়ক, আইডি নং: ১৬৪৮৫৩০১৬ | খঃ রাণীনগর ইউনিয়নের সংশ্লিষ্ট রাস্তা সংলগ্ন পার্শ্ববর্তী এলাকা | | |
| ০৩ | রাণীনগর জিসি–আকনা হাট–কাসাইবাড়ী জিসি ভায়া তিলাভাদুরী হাট সড়ক, আইডি নং: ১৬৪৮৫২০১৪ | খঃ রাণীনগর ইউনিয়নের সংশ্লিষ্ট রাস্তা সংলগ্ন পার্শ্ববর্তী এলাকা | | |
| ০৪ | বেলঘড়িয়া হাট-বিলকৃষ্ণপুর হাট- পারইল, আইডি নং: ১৬৪৮৫৩০১৪ | কালিগ্রাম/পারইল ইউনিয়নের সংশ্লিষ্ট রাস্তা সংলগ্ন পার্শ্ববর্তী এলাকা | | |
| ০৫ | আবাদপুকুর জিসি–আদমদিঘী উপজেলা সড়ক, আইডি নং: ১৬৪৮৫২০০৩ | কালিগ্রাম/পারইল ইউনিয়নের সংশ্লিষ্ট রাস্তা সংলগ্ন পার্শ্ববর্তী এলাকা | | |
| ০৬ | ত্রিমোহনী জিসি-গোনা হাট-বেতগাড়ী জিসি সড়ক, আইডি নং: ১৬৪৮৫২০০২ | কাশিমপুর/গোনা ইউনিয়নের সংশ্লিষ্ট রাস্তা সংলগ্ন পার্শ্ববর্তী এলাকা | | |

শর্তাবলীঃ

১। নারী কর্মী প্রার্থীকে রক্ষণাবেক্ষণ সড়কের পার্শ্ববর্তী এলাকার বাসিন্দা হতে হবে এবং শারীরিক ও মানসিকভাবে শ্রমসাধ্য তথা রাস্তার মাটির কাজ করার উপযুক্ত হতে হবে।
২। অসহায়,দুঃস্থ নারী তথা বিধবা,স্বামী পরিত্যক্তা ও বিশেষ করে নারী পরিবার প্রধানদিগকে প্রাধান্য দেওয়া হবে।
৩। আগ্রহী প্রার্থীদের আবেদনের সাথে জাতীয় পরিচয় পত্রের ফটোকপি-১ কপি, সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র-১ কপি, পাসপোর্ট সাইজের সদ্য তোলা ছবি-৩ কপি সংযুক্ত করতে হবে।
৪। আবেদনের ক্ষেত্রে প্রার্থীদের বয়স ১৮ (আঠার) হতে ৪০ (চল্লিশ) বছরের মধ্যে হতে হবে।
৫। নিয়োগের বিষয়ে যেকোন প্রকার তদবির ও আর্থিক লেনদেন থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হইল। ইহা অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে এবং নিয়োগের পর বদলী হিসেবে অন্য ব্যক্তি দিয়ে কাজ করানো যাবে না।
৬। এ নিয়োগ প্রক্রিয়ায় কোন আবেদনকারী আংশিক বা সম্পূর্ণ মিথ্যা তথ্য প্রদান করিলে নিয়োগের যেকোন পর্যায়ে বা নিয়োগ পরবর্তী যেকোন সময় কর্তৃপক্ষ তাহার নিয়োগ বাতিল করিতে পারিবে এবং কর্তৃপক্ষ অপেক্ষমান তালিকা হতে পুনরায় নিয়োগ করিতে পারিবে।
৭। ইতোপূর্বে বর্ণিত প্রকল্পের আওতায় নারী কর্মী হিসেবে কাজ করেছেন সে সকল নারী আবেদন করতে পারবেন না।
৮। নারী কর্মী লটারির মাধ্যমে নির্বাচনের জন্য ধার্য্য তারিখ ও সময়ে আবেদনকারীগণকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
৯। এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী ও চুক্তিভিত্তিক এবং যেকোন পর্যায়ে নিয়োগের আংশিক বা সম্পূর্ণ অংশ বাতিল করিবার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৩/৭/২৬
(মোঃ ইসমাইল হোসেন)
উপজেলা প্রকৌশলী
ফোন নং-+৮৮০২৫৮৮৮৮৫৬১০
ই-মেইল ঃ ue.raninagar@lged.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ঃ

১৩/০৭/২৬

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
২। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নওগাঁ।
৩। প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, রাণীনগর, নওগাঁ।
৪। ............................................... কর্মকর্তা, রাণীনগর, নওগাঁ।
৫। চেয়ারম্যান, .................................. ইউ,পি, রাণীনগর, নওগাঁ। নিয়োগ বিজ্ঞপ্তিটি তাঁর ইউনিয়নে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
৬। মোঃ নাইম ইসলাম, কমিউনিটি অর্গানাইজার, অত্র দপ্তর।
৭। অফিস নথি।